

তারিখ ... 07 SEP 2016
পৃষ্ঠা B ২ ... কলাম ... ৬



রাজশাহী বিশ্ববিদ্যালয়

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক সম্মান/স্নাতক শ্রেণীতে ভর্তি আবেদনের বিজ্ঞপ্তি

মেমো নং এ-১৪৪৫ ৪/২-১(২০১৬-২০১৭)

তারিখ : ০৫/০৯/২০১৬

১। (ক) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক সম্মান/স্নাতক শ্রেণীতে ভর্তি আবেদন করা যাচ্ছে। আবেদনকারীকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <http://admission.ru.ac.bd> অথবা www.ru.ac.bd-এ প্রকাশিত নিয়মাবলী অনুসরণ করে সংশ্লিষ্ট ইউনিটে অনলাইনে আবেদন করতে হবে। ১৮-০৯-২০১৬ (দুপুর ১২টা) থেকে ০২-০০-২০১৬ (রাত ১২টা) পর্যন্ত আবেদন করা যাবে।

(খ) আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২৩-১০-২০১৬ হতে ২৬-১০-২০১৬ তারিখ পর্যন্ত পৃথক পৃথকভাবে বিভিন্ন ইউনিটের ভর্তি পরীক্ষার অনুষ্ঠিত হবে। আবেদনের নিয়ম-বিলী এবং ভর্তি পরীক্ষার সংক্রান্ত সকল প্রয়োজনীয় তথ্য রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে পাওয়া যাবে।

২। ভর্তির আবেদনের যোগ্যতা

(I) ২০১২, ২০১৩ ও ২০১৪ সালের এসএসসি/সম্মান এবং ২০১৬ সালের এইচএসসি/সম্মান, ডিপ্লোমা-ইন-কার্স, বিএফএ(প্রাক), বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি (ভর্কেশনাল) ও এইচএসসি (ভর্কেশনাল), O লেভেল ও A লেভেল এবং অন্যান্য সম্মান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাই [এসএসসি বা এইচএসসি সম্মান নির্ধারণ কর্তৃক অনুমোদন সম্পর্কে] কেবল ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে। সন্মতক পদ্ধতিতে ও উন্নত বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ শিক্ষার্থী আবেদন করতে পারবে না। [কেবল বিএফএ(প্রাক) ডিপ্লোমা-প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের ফলাফল এখনও সন্মত পদ্ধতিতে হওয়ায় তাদের আবেদন অনুমতিপ্রাপ্ত হবে, তবে তাদের মার্কিপ্ট/সার্টিফিকেট থাকতে হবে।]

(II) মানবিক শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সম্মান ও এইচএসসি/সম্মান উভয় পরীক্ষায় (৪ৰ্থ বিষয়সহ) মূলতম জিপিএ ৩,০০ সহ মোট জিপিএ ৭,০০ পেতে হবে।

বাণিজ্য শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সম্মান ও এইচএসসি/সম্মান উভয় পরীক্ষায় (৪ৰ্থ বিষয়সহ) মূলতম জিপিএ ৩,৫০ সহ মোট জিপিএ ৭,৫০ পেতে হবে।

বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সম্মান ও এইচএসসি/সম্মান উভয় পরীক্ষায় (৪ৰ্থ বিষয়সহ) মূলতম জিপিএ ৩,৫০ সহ মোট জিপিএ ৮,০০ পেতে হবে।

জিপিই O লেভেল পরীক্ষার মুক্তি বিষয়ে এবং A লেভেল পরীক্ষার অন্তর্ভুক্ত ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে এবং উভয় লেভেলে মোট ৭টি বিষয়ের মুক্তি ৪টি বিষয়ে কমপক্ষে B মোড় এবং ৩টি বিষয়ে কমপক্ষে C মোড় পেতে হবে। O লেভেল এবং A লেভেল পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের প্রশ্ন প্রযোজ্য কেবল ইংরেজিতে অনুবাদ করা হবে।

বি. দ্র. আবেদনকারী যে ইউনিটে আবেদন করুক না কেন সে যে শাখা থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সেই শাখার জন্য নির্ধারিত যোগ্যতা তার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

যেসব ছাত্র/ছাত্রী A ইউনিটের নট্যকলা, সঙ্গীত বিভাগে, C ইউনিটের শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগ এবং [ইউনিটের চিকিৎসা, প্রাচাকলা ও ছাপচিত্র, মৃৎশিল্প ও ভাস্কর্য প্রাফিক ডিজাইন, কার্মশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগে ভর্তি হতে ইচ্ছুক তাদেরকে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।]

ব্যবহারিক পরীক্ষার সময়সূচীসহ বিস্তারিত তথ্য রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে পাওয়া যাবে।

এছাড়া ইউনিট/বিভাগ: কর্তৃক আরোপিত শর্ত সংশ্লিষ্ট ইউনিট/বিভাগের ক্ষেত্রে প্রযোজ্য হবে। B ইউনিট ব্যতীত সব ইউনিটে ১০০ নথরের MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১০০ নথরের MCQ পরীক্ষায় পাস নথর হবে ৪০। B ইউনিটে ৮০ নথরের MCQ এবং ২০ নথরের লিখিত পরীক্ষা এক ঘটা সময়ের মধ্যেই অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষায় বিভিন্ন ইউনিটের আবেদন ক্ষেত্রে অনলাইনে আবেদন পদ্ধতি, ভর্তি পরীক্ষার সময়সূচী এবং ইউনিট/বিভাগ কর্তৃক আরোপিত শর্তসমূহ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.ru.ac.bd-এ প্রকাশিত হবে।

প্রফেসর ড. মুহাম্মদ একান্তুল হক

রেজিস্ট্রার

রাজশাহী বিশ্ববিদ্যালয়।

সিজি-২২৩৬/১৬